**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-05–2024**
**Time: 07.35–07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Panchayet Draft Electoral Roll :**

রাজ্য নির্বাচন কমিশন রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি শুরু করেছে। এই লক্ষ্যে রাজ্য নির্বাচন কমিশন পঞ্চায়েত নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়নের কাজ আগামী ৬ই জুন থেকে শুরু করবে। রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী গতকাল এক বিজ্ঞপ্তিতে জানান, আগামী ৬ই জুন ত্রিস্তর পঞ্চায়েতে খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে। ঐদিন থেকেই খসড়া ভোটার তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহনের কাজ শুরু হবে। তা চলবে আগামী ১৩ই জুন পর্যন্ত। এরপর ১৪ই জুন থেকে ১৮ই জুনের মধ্যে দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ২৪শে জুন। উল্লেখ্য, ত্রিস্তর পঞ্চায়েতে রয়েছে ৮টি জিলা পরিষদ, ৩৫টি পঞ্চায়েত সমিতি ও ৬০৬টি গ্রাম পঞ্চায়েত। বর্তমান ত্রিস্তর পঞ্চায়েতের মেয়াদ শেষ হচ্ছে আগামী আগষ্ট মাসের প্রথম সপ্তাহে।

*******************

**Election 6th phase :**

লোকসভা ভোটের ষষ্ঠ দফার জন্য প্রার্থীপদ প্রত্যাহারের গতকাল ছিল শেষ দিন। এই মাসের ২৫ তারিখে এই পর্বে ছয়টি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৫৮টি সংসদীয় আসনে ভোট হবে।

*******************

**Food Director :**

রাজ্যে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর কোনও সংকট নেই। সড়ক পথে পেট্রোল, ডিজেল সহ নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর নিয়মিতভাবে আমদানি অব্যাহত রয়েছে। খাদ্য অধিকর্তা নির্মল অধিকারী গতকাল আকাশবাণীকে একথা জানিয়েছেন। তিনি জানান, রাজ্যে আলু পেঁয়াজেরও যথেষ্ট যোগান ও মজুত রয়েছে। গতকাল সদর মহকুমা শাসক আলু ও পেঁয়াজের পাইকারী ব্যবসায়ীদের নিয়ে বৈঠক করেন। বাজারে আলু পেঁয়াজের অতিরিক্ত মূল্য না নেবার জন্য ব্যবসায়ীদের অনুরোধ জানানো হয়েছে। আলু ও পেঁয়াজের খুচরা মূল্য প্রতি কিলো ৩০ টাকা দরে বিক্রির জন্য বলা হয়েছে। খাদ্য অধিকর্তা জানান, আজ প্রশাসনের পক্ষ থেকে বাজারগুলোতে বিশেষ অভিযানও চালানো হবে। রাজ্যে বর্তমানে ৬৬ দিনের চাল মজুত রয়েছে। ভারতীয় খাদ্য নিগমের কাছে অনুরোধ করা হয়েছে রেলপথ স্বাভাবিক না হওয়া পর্যন্ত যেন সড়কপথে রাজ্যে চাল আমদানি অব্যাহত রাখা হয়। তাছাড়া আটা, লবন, চিনি সহ অন্যান্য রেশন সামগ্রীর সন্তোষজনক মজুত রয়েছে।

*******************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল দিল্লির রাষ্ট্রপতি ভবনে নাগরিক সম্মাননা অনুষ্ঠানে পদ্ম পুরস্কার প্রদান করেন। ত্রিপুরার স্মৃতিরেখা চাকমা বয়ন শিল্পে তাঁর অবদানের জন্য গতকাল রাষ্ট্রপতির হাত থেকে পদ্মশ্রী পুরুস্কার গ্রহণ করেন।

*******************

**Lok Adalat :**

এবছরের দ্বিতীয় জাতীয় লোক আদালত আগামীকাল অনুষ্ঠিত হবে। ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী গতকাল জানিয়েছেন, ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত চত্বরে লোক আদালত বসবে। এদিনের লোক আদালতে রাজ্যে মোট ৪২টি বেঞ্চে ১৭,৯৩৮টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

*******************

**Akhsay Tritiya :**

আজ থেকে শুরু হচ্ছে আগরতলার জগন্নাথ জিউ মন্দিরে ২১ দিনব্যাপী ভগবান শ্রী রাধাকৃষ্ণের চন্দন যাত্রা উৎসব। উৎসব উপলক্ষ্যে আজ বিকেলে জগন্নাথ জিউ মন্দির থেকে এক ধর্মীয় শোভাযাত্রার আয়োজন করা হয়েছে।

এদিকে, আজ অক্ষয় তৃতীয়া। এই উপলক্ষে গতকাল রামনগর ৪ নম্বর স্থিত রামঠাকুর সেবা মন্দিরে এক অনুষ্ঠানের সূচনা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সহ অন্যান্যরা। তাছাড়া অক্ষয় তৃতীয়া উপলক্ষে গয়নার দোকানগুলিতে রয়েছে ভীড়। উল্লেখ্য হিন্দু সংস্কৃতির অন্যতম শুভ অনুষ্ঠান হিসাবে উদযাপিত হয় অক্ষয় তৃতীয়া। পাশাপাশি নতুন সূচনা, সমৃদ্ধি এবং সৌভাগ্যের প্রতীক হিসেবে দিনটিকে চিহ্নিত করা হয়।

*******************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

*******************

**Organizational meeting:**

বিলোনিয়া কংগ্রেস ভবনে কংগ্রেস দলের এক সাংগঠনিক সভা গতকাল অনুষ্ঠিত হয়। সভায় প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা,

বিলোনিয়া জেলা কংগ্রেস সভাপতি মৃদুল পাটারী, কংগ্রেস নেতা মিলন কর, মনোরঞ্জন নাথ, দেবাশীষ মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন।

*******************

**Disabled Swimmer:**

সিঙ্গাপুরের আন্তর্জাতিক প্রতিবন্ধী আসরে ভারতীয় দলে স্থান করে নিয়েছে রাজ্যের দুই প্রতিবন্ধী সাঁতারু সমীর বর্মন ও বিনিত রায়। আজ রাজ্যের দুই সাঁতারু এবং কোচ দীপক দাস দিল্লি যাবেন। আগামী ১৩ জুন ভারতীয় দলের সাথে তারা দিল্লি থেকে সিঙ্গাপুরের যাবেন। এদিকে, গতকাল উমাকান্ত সুইমিংপুলে এক অনুষ্ঠানে তাদের হাতে জার্সি এবং ক্রীড়া সামগ্রী তুলে দেয়া হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়া দপ্তরের অধিকর্তা প্রদীপ কুমার দাস সহ ক্রীড়া আধিকারিকরা।

*******************

**TSECL:**

ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড TSECL-এর পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে আগামীকাল দ্বিতীয় শনিবার সরকারী ছুটি হলেও বিদ্যুৎ বিল জমা করতে পারবেন বিদ্যুৎ ভোক্তারা। এরজন্য নিগমের বিদ্যুৎ বিভাগের কাউন্টারগুলো সকাল ১০টা থেকে বেলা ২টা পর্যন্ত খোলা রাখা হবে।

এছাড়া, আগামী ১৯শে মে রবিবার ও ২৫শে মে শনিবার চতুর্থ শনিবারের ছুটির দিনেও বিদ্যুৎ বিল জমা দেওয়ার জন্য কাউন্টারগুলো খোলা রাখা হবে বলে জানানো হয়।

*******************

**Inter School Cricket:**

সদরের আন্ত: স্কুল ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হচ্ছে। উদ্বোধনী দিনে ৪টি ম্যাচ হবে। নরসিংগড় পঞ্চায়েত মাঠে সকালে ভবনস ত্রিপুরা বিদ্যামন্দির খেলবে রামঠাকুর পাঠশালার বিরুদ্ধে এবং তালতলা

মাঠে বিদ্রোহী কবি নজরুল ইসলাম স্কুল মুখোমুখি হবে প্রাচ্য ভারতী স্কুলের। পরে দুপুরে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে রবিশংকর স্কুল মুখোমুখি হবে নেতাজি সুভাষ বিদ্যানিকেতনের এবং তালতলা মাঠে শিক্ষা নিকেতন স্কুল খেলবে শিশু বিহার স্কুলের বিরুদ্ধে।

*******************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে. আকাশ সধারনত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ দু-এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। রাজ্যের সব কয়টি জেলার বিক্ষিপ্তভাবে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া ও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সতর্কবার্তা দেওয়া হয়েছে। আগরতলায় আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৬ ডিগ্রী সেলসিয়াস।

*******************

*******************